

💵 শু'আবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-২৯, গানিমাতের এক পঞ্চমাংশ

যুদ্ধে শত্রুপক্ষের পরিত্যক্ত সম্পদ, ইসলামী পরিভাষায় যাকে 'গানিমা' বা 'গানিমাত' বলা হয়, সম্পূর্ণ সম্পদের ২০% রাষ্ট্রীয় সম্পদ হিসেবে পরিগণিত হয়। সরকার প্রধান কিংবা তার কোনো প্রতিনিধির মাধ্যমে তা গৃহিত হয়। এ সম্পর্কে আল্লাহ সুবহানাহু তা'আলার ঘোষণা-

وَاعْلَمُوا أَنَّمَا غَنِمْتُم مِّن شَيْءٍ فَأَنَّ لِلَّهِ خُمُسَهُ وَلِلرَّسُولِ وَلِذِي الْقُرْبَىٰ وَالْيَتَامَىٰ وَالْمَسَاكِينِ وَابْنِ السَّبِيلِ إِن كُنتُمْ آمَنتُم باللَّهِ وَمَا أَنزَلْنَا عَلَىٰ عَبْدنَا

আরও জেনে রাখো, গানিমাত হিসেবে যা কিছু তোমরা পাবে তার এক পঞ্চমাংশ (অর্থাৎ ২০%) হচ্ছে আল্লাহর, তাঁর রাসূলের, তাঁর নিকটাত্মীয়-স্বজনের এবং ইয়াতিম, অসহায় ও পর্যটকদের জন্য। যদি তোমরা আল্লাহ্ তাঁর বান্দার উপর যা কিছু নাযিল করেছেন তার উপর বিশ্বাসী হও।[১]

অন্য জাগয়ায় বলা হয়েছে,

وَمَا كَانَ لِنَبِيٍّ أَن يَغُلُّ اا وَمَن يَغْلُلْ يَأْتِ بِمَا غَلَّ يَوْمَ الْقِيَامَةِ

'কোনো বস্তু গোপন করে রাখা নবীর কাজ নয়। যে ব্যক্তি কোন জিনিস গোপন বা আত্মসাৎ করবে সে কিয়ামতের দিন সেই জিনিস নিয়েই উঠবে।[২]

সহীহ্ আল বুখারী ও সহীহ্ মুসলিমে ইবনু আব্বাস (রাঃ) থেকে বর্ণিত, আবদুল কায়েসের এক প্রতিনিধি দল রাসুলুল্লাহ্ (সা.)-এর কাছে উপস্থিত হয়ে কতিপয় প্রশ্ন করলে আল্লাহর রাসূল (সা.) জবাবে বলেন,

أمركم باربع وأنهاكم عن أربع الايمان بالله وحده وقال هل تدرون ما الايمان؟ قالوا الله ورسوله أعلم. قال شهادة أن لا اله الا الله وأن محمدا رسول الله واقام الصلاة وإيتاء الزكاة وصوم رمضان وان وا خمسًا من المغنم ونهاهم عن الدباء والحنتم والنقير والمزفت قال احفظوهن واخبروا بهن من ورائكم.

আমি তোমাদেরকে চারটি বিষয়ে নির্দেশ দিচ্ছি এবং চারটি বিষয় নিষেধ করছি। এক আল্লাহর প্রতি ঈমান, একথা বলে জিজ্ঞেস করলেন- তোমরা কি জাননা আল্লাহর প্রতি ঈমান কী? তারা বললেন- এ বিষয়ে আল্লাহ্ ও তাঁর রাসূলই ভালো জানেন। তিনি বললেন- এ সাক্ষ্য দেয়া যে, আল্লাহ ছাড়া আর কোনো ইলাহ্ নেই, আর মুহাম্মাদ আল্লাহর রাসূল। আর তোমরা নামায কায়েম করবে, যাকাত দেবে, রমযানের রোযা রাখবে এবং গানিমাতের এক পঞ্চমাংশ (শতকরা বিশ ভাগ) দান করবে। তিনি তাদের চারটি বিষয়ে বিরত থাকার নির্দেশ দেন। তা হচ্ছে- দুব্বা, হানতাম, নাকীর এবং মুযাফাত। তারপর বললেন- এসব নীতিমালা মেনে চলবে এবং যারা আসেনি তাদের জানিয়ে দেবে।[৩]



ফুটনোট

- [১]. সূরা আল আনফাল, আয়াত : ৪১।
- [২]. সূরা আলে ইমরান, আয়াত : ১৬১।
- [৩]. সহীহ আল বুখারী, ঈমান অধ্যায়, 'গানিমাতের এক পঞ্চমাংশ প্রদান' শিরোনাম; সহীহ্ মুসলিম, ঈমান অধ্যায় (হাদীস-২৩, ২৪)।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=12327

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন